নং. 22

# এক্সিকিউটিভ অর্ডার

## দৃষ্টান্তমূলক নেতৃত্ব: স্টেট সংস্থাগুলোকে টেকসইতা ও ডিকার্বনাইজেশন কর্মসূচি গ্রহণের জন্য নির্দেশ প্রদান

**যেহেতু,** নিউ ইয়র্ক স্টেট ("NYS" বা "স্টেট") পরিবেশগত মান, ভালো জনস্বাস্থ্য, অর্থনৈতিক সমৃদ্ধি, ও সামাজিক সুস্থতা রক্ষার প্রচেষ্টায় নিবেদিত রয়েছে; এবং

**যেহেতু,** উপকরণসমূহের ব্যবহার ও পরিত্যাগ, এবং শক্তি উৎপাদন ও ব্যবহার পরিবেশগত মান, জনস্বাস্থ্য ও জলবায়ুর উপর উল্লেখযোগ্য ক্ষতিকর প্রভাব ফেলতে পারে; এবং

**যেহেতু,** স্টেটের নীতিমালার মধ্যে প্রাকৃতিক সম্পদসমূহ ও পরিবেশ সংরক্ষণ, উন্নয়ন, ও সুরক্ষা; পানি, বায়ু, ও ভূমি দূষণ প্রতিরোধ; এবং স্টেটের অধিবাসীদের স্বাস্থ্য, নিরাপত্তা, ও কল্যাণ এবং তাদের সামগ্রিক অর্থনৈতিক ও সামাজিক সুস্থতা উন্নত করা অন্তর্ভুক্ত রয়েছে; এবং

**যেহেতু,** শক্তি ও সংস্থানসমূহের ব্যয় কমানোর জন্য ব্যয়-সাশ্রয়ী পদ্ধতির প্রসার ঘটানো, এবং বিপজ্জনক পদার্থসমূহের ব্যবহার এবং বিপজ্জনক পদার্থসমূহ তৈরি হওয়া, দূষণ, ও উৎসে অপচয় কমানো বা দূরীভূত করাই হলো স্টেটের নীতি; এবং

**যেহেতু,** স্টেটের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার অগ্রাধিকারগুলোর মধ্যে কঠিন বর্জ্য তৈরি হওয়া কমানো এবং উপকরণসমূহের পুনর্ব্যবহার ও রিসাইক্লিং অন্তর্ভুক্ত রয়েছে; এবং

**যেহেতু,** পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নেওয়ার জন্য স্টেটের নীতিমালার মধ্যে কমিউনিটিগুলোর পরিবেশ, সুনির্দিষ্টভাবে সংখ্যালঘু ও নিম্ন-আয়ের কমিউনিটিগুলোর পরিবেশ উন্নত করা, এবং সেসব কমিউনিটিতে বিদ্যমান থাকতে পারে এমন বৈষম্যমূলক নেতিবাচক পরিবেশগত প্রভাব মোকাবেলা করা অন্তর্ভুক্ত রয়েছে; এবং

**যেহেতু,** স্টেটের পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি সংগ্রহের প্রক্রিয়া স্টেট সংস্থা ও সরকারি কর্তৃপক্ষগুলোর এমন সিদ্ধান্তের মাধ্যমে সমৃদ্ধ করা যেতে পারে যেগুলো সংস্থাগুলোর কার্যক্রমের নেতিবাচক পরিবেশগত ও স্বাস্থ্যগত প্রভাব কমিয়ে আনবে; এবং

**যেহেতু,** স্টেট সরকার গ্রিন প্রোকিউরমেন্ট ও টেকসই ব্যবস্থাপনার রীতি ব্যবহারের মাধ্যমে পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়া অব্যাহত রাখতে পারে এবং স্টেটের তা করা উচিত; এবং

**যেহেতু,** স্টেটের ফ্যাসিলিটিগুলো ও সম্পত্তি নির্মল জ্বালানি প্রকল্প এবং নতুন প্রযুক্তিসমূহের পরিসর বৃদ্ধির জন্য পরীক্ষার স্থান হিসেবে ভূমিকা পালন করতে পারে, এবং এর মাধ্যমে সরকারি ও বেসরকারি খাতে নির্মল জ্বালানি প্রকল্প ও প্রযুক্তিসমূহ ব্যাপকভাবে গৃহীত হওয়া ত্বরান্বিত করতে পারে; এবং

**যেহেতু,** 18 জুলাই, 2019 তারিখে, স্টেট জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন ("জলবায়ু আইন") (Climate Leadership and Community Protection Act, "Climate Act"), যুক্তরাষ্ট্রের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু আইন প্রণয়ন করেছে। জলবায়ু আইন একটি ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) প্রতিষ্ঠা করেছে, যার দায়িত্ব হচ্ছে স্টেটের অর্থনীতির প্রতিটি খাতে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার জন্য পরিকল্পনা প্রণয়ন করা; এবং

**যেহেতু,** জলবায়ু আইনের ধারা 7-এ NYS সংস্থাগুলোর দ্বারা জলবায়ু পরিবর্তনের ক্রিয়াকলাপের কথা উল্লেখ করা হয়েছে, এবং সুনির্দিষ্টভাবে ধারা 7.1-এ বলা হয়েছে যে NYS সংস্থাগুলোকে তাদের গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানোর কৌশলসমূহ মূল্যায়ন ও বাস্তবায়ন করতে হবে; এবং

**যেহেতু,** জলবায়ু আইনের ধারা 7.3-এ সব স্টেট সংস্থা, অফিস, কর্তৃপক্ষ, ও বিভাগকে পরিবেশ সংরক্ষণ আইনের (Environmental Conservation Law, "ECL") ধারা 75-0101 এর উপবিভাগ 5 অনুযায়ী শনাক্তকৃত সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে গ্রিনহাউজ গ্যাস নির্গমন এবং আনুষাঙ্গিক-দূষণ কমিয়ে আনার বিষয়টিকে অগ্রাধিকার দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে; এবং

**যেহেতু,** স্টেট ইতোমধ্যে 2025 সালের মধ্যে নিউ ইয়র্ক সিটির বিদ্যুতের চাহিদার 100 শতাংশ এটির অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, "OGS")-এর ব্যবস্থাপনাধীন স্টেট সংস্থা ফ্যাসিলিটির মাধ্যমে পূরণ করতে অঙ্গীকারাবদ্ধ।

**সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল**, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নিম্নোক্ত আদেশ প্রদান করছি:

A. সংজ্ঞা

A. "প্রভাবিত সত্ত্বাসমূহ" ("Affected Entities") বলতে বুঝাবে যেকোনো সংস্থা বা বিভাগ যেটির উপর গভর্নরের নির্বাহী কর্তৃত্ব রয়েছে, যার মধ্যে এটির সব অফিস ও বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে, এবং সব সরকারি কর্তৃপক্ষ যাদের জন্য গভর্নর সভাপতি, চিফ এক্সিকিউটিভ, অথবা বোর্ডের সদস্যদের সংখ্যাগরিষ্ঠ অংশ নিয়োগ দিয়ে থাকেন, যার মধ্যে এটির সব অফিস ও বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে, তবে নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটি (Port Authority) এর ব্যতিক্রম। এর মধ্যে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York) অন্তর্ভুক্ত রয়েছে। প্রদর্শনী A-তে উপস্থাপন করা তালিকা দেখুন।

B. "বিল্ড স্মার্ট 2025" ("BuildSmart 2025") বলতে বোঝাবে 2025 সালের মধ্যে সাইটে জ্বালানি ব্যবহার 2015 সালের বেসলাইন থেকে 11 ট্রিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট কমিয়ে আনার জন্য প্রভাবিত সত্ত্বাসমূহের সামষ্টিক প্রচেষ্টা।

C. "সুবিধাবঞ্চিত কমিউনিটি" ("Disadvantaged Communities") বলতে বোঝাবে সেসব কমিউনিটি যেগুলো নেতিবাচক জনস্বাস্থ্যের প্রভাব, পরিবেশ দূষণ, জলবায়ু পরিবর্তনের প্রভাবের বোঝা বহন করছে, এবং যেসব কমিউনিটিতে নির্দিষ্ট কিছু আর্থসামাজিক অবস্থা বিদ্যমান রয়েছে, অথবা নিম্ন- ও মধ্যম-আয়ের পরিবারসমূহের উচ্চ ঘনত্ব বিদ্যমান রয়েছে, যেমনটা ECL § 75-0111 অনুযায়ী শনাক্ত করা হয়েছে।

D. "লাইট-ডিউটি যানবাহন" ("Light-duty vehicles") বলতে বোঝাবে 10,000 পাউন্ড বা তারচেয়ে কম গ্রস ওজনবিশিষ্ট যানবাহন।

E. "মিডিয়াম- ও হেভি-ডিউটি যানবাহন" ("Medium- and heavy-duty vehicles") বলতে বোঝাবে 10,000 পাউন্ডের চেয়ে বেশি গ্রস ওজনবিশিষ্ট যানবাহন।

F. "নতুন নির্মাণকাজ" ("New construction") বলতে বোঝাবে একটি নতুন ভবন নির্মাণ করা যেটি চারটি ঋতুর সবগুলোতে ব্যবহার হয় এবং 5,000 বর্গফুট বা তারচেয়ে বেশি জায়গা নিয়ে অবস্থিত।

G. "উপযুক্ত টিয়ার" ("Qualifying Tier") বলতে বোঝাবে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) নির্মল জ্বালানি মানদণ্ডের (Case 15-E-0302) ("CES") যেকোনো টিয়ার যা নিউ ইয়র্ক স্টেটকে অথবা নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার কোনো সুনির্দিষ্ট অবস্থানে বাড়তি, ক্রমবর্ধমান নির্মল জ্বালানি পৌঁছে দেওয়ার জন্য প্রণোদনা প্রদান করতে তৈরি করা হয়েছে, যার মধ্যে এই নির্বাহী আদেশ কার্যকর হওয়ার

তারিখ পর্যন্ত টিয়ার 1, উপকূলীয় বায়ুশক্তি এবং টিয়ার 4 অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু টিয়ার 2 অথবা শূন্য-নির্গমন ক্রেডিট অন্তর্ভুক্ত নেই।

II. গ্রিন NY কাউন্সিল (GreenNY Council)

A. এই মর্মে গ্রিন NY কাউন্সিল ("কাউন্সিল") প্রতিষ্ঠা করা হচ্ছে। এই কাউন্সিল বাজেট বিভাগের (Division of the Budget, "DOB") ডিরেক্টর; অফিস অব জেনারেল সার্ভিসেস-এর কমিশনার; পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, "DEC") কমিশনার; স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার; অর্থনৈতিক উন্নয়ন বিভাগের (Economic Development) কমিশনার; পরিবহন বিভাগের (Transportation) কমিশনার; অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার; এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation) প্রেসিডেন্ট; নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, "NYSERDA") প্রেসিডেন্ট; নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটির (New York Power Authority, "NYPA") প্রেসিডেন্ট; নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথরিটির (Dormitory Authority) প্রেসিডেন্ট; এবং মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority) চিফ এক্সিকিউটিভ অফিসারকে নিয়ে গঠিত হবে।

B. এই কাউন্সিল এই আদেশ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রধান কর্তৃপক্ষ হিসেবে কাজ করবে।

C. কাউন্সিলের সদস্যরা একজন স্টাফ সদস্য এবং নিজেদের প্রতিনিধিত্ব করার জন্য এবং তাদের পক্ষ থেকে কাউন্সিলে অংশগ্রহণ করার জন্য একজন বিকল্প নির্ধারণ করতে পারবেন।

D. OGS-এর কমিশনার, DEC-এর কমিশনার, DOB-এর ডিরেক্টর, NYSERDA-এর প্রেসিডেন্ট, এবং NYPA-এর প্রেসিডেন্ট, অথবা তাদের নিযুক্ত প্রতিনিধিরা এই কাউন্সিলের নেতৃত্ব দেবেন এবং সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। কাউন্সিলের দৈনন্দিন কার্যক্রম এই নেতৃত্বদানকারী সংস্থা ও কর্তৃপক্ষগুলোর এক্সিকিউটিভ ও প্রোগ্রাম স্টাফদের দ্বারা, কাউন্সিলের কার্যক্রমে অংশগ্রহণকারী অন্যান্য সংস্থা বা কর্তৃপক্ষের কর্মীদের সঙ্গে পরামর্শক্রমে সম্পন্ন করা হবে।

E. অফিস অব ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services) এই আদেশের অধীনে এই কাউন্সিলকে এটির দায়িত্বসমূহ পালন করতে সহায়তা করবে।

F. এই কাউন্সিল সরকারি দায়িত্বসমূহ পালন করতে প্রয়োজন অনুযায়ী বৈঠক সম্পন্ন করবে, তবে তিন মাসের কম সময়ের ব্যবধানে নয়। কাউন্সিলের সদস্যদের (অথবা

তাদের নিযুক্ত প্রতিনিধিদের) সংখ্যাগরিষ্ঠ অংশ নিয়ে একটি কোরাম গঠিত হবে, এবং এই কাউন্সিলের সকল কার্যক্রম ও সুপারিশ প্রদান কাউন্সিলের মোট সদস্যদের সংখ্যাগরিষ্ঠ অংশের দ্বারা অনুমোদিত হওয়া আবশ্যক হবে।

G. এই কাউন্সিল উপযুক্ত মনে করলে, এক্সিকিউটিভ ও প্রোগ্রাম স্টাফদেরকে নিয়ে, স্ট্যান্ডিং বা এড-হক উভয় ধরনের অ্যাডভাইজরি সাবকমিটি বা ওয়ার্কগ্রুপ গঠন করতে পারবে, যেগুলো কাউন্সিল কর্তৃক এই ধরনের সাবকমিটি বা ওয়ার্কগ্রুপকে নিযুক্ত করার বিষয়গুলো সম্পর্কে কাউন্সিলকে পরামর্শ ও সহায়তা প্রদান করবে।

III. প্রশিক্ষণ, কর্মী, ও সহায়তা

A. প্রত্যেক প্রভাবিত সত্ত্বা এই আদেশ জারি হওয়ার পর অনূর্ধ্ব 30 দিনের মধ্যে এটির সাসটেইনেবিলিটি কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের জন্য একজন কর্মচারী নিযুক্ত করবে। সাসটেইনেবিলিটি কো-অর্ডিনেটরদেরকে ব্যবস্থাপনা সহায়তা প্রদান করা হবে এবং প্রভাবিত সত্ত্বাকে এই আদেশ মেনে চলার সুযোগ করে দেওয়ার জন্য অপরিহার্য সংস্থানসমূহ প্রদান করা হবে। সাসটেইনেবিলিটি কো-অর্ডিনেটররা এই কাউন্সিলের সঙ্গে প্রভাবিত সত্ত্বার লিয়াঁজো হিসেবে দায়িত্ব পালন করবেন।

1. প্রভাবিত সত্ত্বাসমূহকে এই কাউন্সিলের কার্যক্রমে সহায়তা করার জন্য একটি অভ্যন্তরীণ সাসটেইনেবিলিটি টিম গঠন করতে উৎসাহিত করা হচ্ছে। এই সাসটেইনেবিলিটি টিম স্থায়িত্ব বা জ্বালানি প্রকল্পসমূহ, এবং পরিবেশগত ন্যায়বিচারের সাথে সংশ্লিষ্ট বিষয়গুলো শনাক্তকরণ, অনুমোদন, ও বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত উপযুক্ত কর্মীদেরকে নিয়ে গঠন করতে হবে। এই সাসটেইনেবিলিটি টিমে ডেপুটি বা অ্যাসোসিয়েট কমিশনার, অথবা ভাইস প্রেসিডেন্ট পদমর্যাদার অথবা সমমানের একজন এক্সিকিউটিভ স্পন্সর থাকতে হবে।

B. এই আদেশের আবশ্যিকতাসমূহ পূরণের ক্ষেত্রে সহায়তা করার জন্য এই কাউন্সিল সাসটেইনেবিলিটি কো-অর্ডিনেটর এবং কাউন্সিলের কার্যক্রমে অংশগ্রহণকারী প্রভাবিত সত্ত্বার অন্যান্য কর্মীর জন্য প্রশিক্ষণ ও প্রচারণামূলক কর্মসূচি তৈরি ও বাস্তবায়ন করবে।

IV. রিপোর্ট করা

A. সব প্রভাবিত সত্ত্বাকে এই কাউন্সিলের উদ্দেশ্যসমূহ পূরণের জন্য এটির যুক্তিসঙ্গতভাবে অপরিহার্য বলে নির্ধারণ করা তথ্য ও সহায়তা প্রদান করতে হবে। সব প্রভাবিত সত্ত্বা যেকোনো অগ্রগতির রিপোর্ট সম্পর্কে অবহিত করার উদ্দেশ্যে এই কাউন্সিল কর্তৃক নির্ধারিত সবচেয়ে দক্ষ পন্থায় ডাটা শেয়ার করবে, এবং এই কাউন্সিল যেকোনো আন্তঃসংস্থা ডাটা শেয়ার করা বা সংগ্রহ করার ক্ষেত্রে প্রযোজ্য NYS ডাটা নিয়ন্ত্রণ বিষয়ক কর্মপদ্ধতি অনুসরণ করবে।

B. NYPA প্রভাবিত সত্তাসমূহকে অর্থের বিনিময়ে প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা সহ নিউ ইয়র্ক এনার্জি ম্যানেজারের (New York Energy Manager, NYEM) অ্যাক্সেস প্রদান করবে। NYEM আওতাভুক্ত ফ্যাসিলিটিগুলো থেকে পাওয়া জ্বালানি সংক্রান্ত সব ডাটার জন্য রেকর্ডের সিস্টেম হিসেবে কাজ করবে। সব প্রভাবিত সত্তাকে নিশ্চিত করতে হবে যে তাদের জ্বালানি বিষয়ক ডাটা NYEM সিস্টেমে প্রবেশ করানো হয়েছে। এই কাউন্সিল প্রভাবিত সত্তার কার্যপরিচালনার উদ্দেশ্যে একটি GHG বেসলাইন উন্নয়নের জন্য এই ডাটা কাজে লাগাবে।

C. এই কাউন্সিল নিম্নলিখিত বিষয়ে প্রভাবিত সত্তাসমূহের কাছ থেকে তথ্য সংগ্রহের জন্য একটি বার্ষিক জরিপের ব্যবস্থা করবে:

1. এই আদেশ অনুযায়ী প্রদত্ত বা প্রতিষ্ঠিত নির্দেশনা, টার্গেট ও লক্ষ্যসমূহ অর্জনের ক্ষেত্রে প্রত্যেক প্রভাবিত সত্তার অগ্রগতি;
2. প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশনের কার্যকারিতা ও ব্যবহার;
3. পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নেওয়ার জন্য প্রভাবিত সত্তার গৃহীত প্রচেষ্টাসমূহ; এবং
4. বাস্তবায়ন হওয়া সুনির্দিষ্ট স্থায়িত্ব ও জ্বালানি দক্ষতা বিষয়ক প্রকল্পসমূহ এবং এই আদেশের টার্গেট, লক্ষ্য, এবং অন্যান্য আবশ্যিকতা পূরণের ক্ষেত্রে এধরনের কর্মসূচির কার্যকারিতা।

D. প্রভাবিত সত্তাসমূহকে প্রতি বছর কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী কোনো তারিখে বা সেই তারিখের মধ্যে, কাউন্সিলের নির্দিষ্ট করে দেওয়া ফরম্যাটে সুনির্দিষ্ট তথ্য দিয়ে সম্পন্ন করা একটি জরিপ জমা দিতে হবে।

E. এই কাউন্সিল, এই আদেশ জারি করার পরবর্তী বছর এবং এরপর থেকে প্রত্যেক বছর সেপ্টেম্বর মাসে, গভর্নরের কাছে একটি অগ্রগতির রিপোর্ট জমা দেবে, সেখানে এই আদেশ অনুযায়ী প্রভাবিত সত্তাসমূহের জমা দেওয়া তথ্য এবং এই আদেশ বাস্তবায়নের ক্ষেত্রে হওয়া অগ্রগতি সম্পর্কে রিপোর্ট অন্তর্ভুক্ত থাকবে। এধরনের অগ্রগতির রিপোর্ট এই কাউন্সিলের প্রতিষ্ঠা করা একটি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

V. অব্যাহতি

A. কাউন্সিলের সহ-সভাপতিগণ এই আদেশের অধীন যেকোনো সুনির্দিষ্ট টার্গেট, লক্ষ্য, বা অন্যান্য আবশ্যিকতা থেকে অব্যাহতি প্রদান করতে পারবেন, তবে শর্ত থাকে যে, এই আদেশের সেকশন VII.A থেকে যেকোনো অব্যাহতি শুধু NYSERDA-এর প্রেসিডেন্ট নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসেস ("DPS")-এর চিফ এক্সিকিউটিভ অফিসার এবং ডিরেক্টর অব বাজেট-এর সঙ্গে পরামর্শক্রমে অনুমোদন করতে পারবেন।

B. প্রভাবিত সত্তাসমূহ কাউন্সিলের সহ-সভাপতিদের কাছ থেকে এধরনের অব্যাহতি পাওয়ার জন্য অনুরোধ জানাতে পারবে এবং অবশ্যই এধরনের অনুরোধ এই আদেশে

যেভাবে নির্ধারণ করা হয়েছে সে অনুযায়ী প্রভাবিত সত্ত্বার নির্দিষ্ট পরিস্থিতির ভিত্তিতে ন্যায়সঙ্গত হতে হবে।

VI. ক্রয় ও কার্যপরিচালনার সবুজায়ন

A. এই কাউন্সিল প্রভাবিত সত্ত্বাসমূহের দ্বারা পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি ক্রয়ের ক্ষেত্রে ব্যবহারের জন্য, অথবা প্রযোজ্য ক্ষেত্রে, নতুন সরকারি কাজের সলিসিটেশন ও কন্ট্রাক্ট প্রণয়নের ক্ষেত্রে ব্যবহারের জন্য টেকসই প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন (প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন) প্রণয়ন ও জারি করবে।

24 এপ্রিল, 2008 তারিখে জারি করা নির্বাহী আদেশ 4-এর অধীনে স্থায়িত্ব ও সবুজ ক্রয় বিষয়ক আন্তঃসংস্থা কমিটি (Interagency Committee on Sustainability and Green Procurement) কর্তৃক প্রণয়নকৃত, অনুমোদিত, বা জারিকৃত যেকোনো প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন এই কাউন্সিলের দ্বারা পরিবর্তন হওয়ার আগ পর্যন্ত এমনভাবে পুরোপুরি কার্যকর থাকবে যেন তা এই কাউন্সিল কর্তৃক জারি করা হয়েছে।

B. প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন প্রণয়নের ক্ষেত্রে এই কাউন্সিল নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করবে:

1. জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষা, যার মধ্যে অরক্ষিত জনগোষ্ঠী এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর অধিবাসীরাও অন্তর্ভুক্ত রয়েছে;
2. বিষাক্ত পদার্থ ব্যবহার বা নির্গমনের ফলে তৈরি হওয়া ঝুঁকি এড়ানো;
3. দূষণ হ্রাস ও প্রতিরোধ;
4. টেকসই সংস্থানের ব্যবস্থাপনা ও ব্যবহার, এবং টেকসই প্রস্তুতকরণ ও উৎপাদন প্রক্রিয়া;
5. নির্মাণ, প্রকৌশল, এবং অন্যান্য অনুরূপ পরিষেবা প্রদানকারী সত্ত্বাগুলোর জন্য কম প্রভাবপূর্ণ উন্নয়ন এবং জলবায়ু সহিষ্ণু নকশার প্রচলন, এবং মানদণ্ড ও অগ্রাধিকারসমূহ;
6. গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো;
7. নবায়নযোগ্য ও শূন্য-নির্গমন সম্পন্ন সংস্থানসমূহ, পুনঃপ্রস্তুতকৃত উপাদান, এবং পুনর্ব্যবহৃত বা রিসাইকেলকৃত কন্টেন্ট ব্যবহার;
8. বর্জ্য কমানো, উপকরণসমূহের পুনর্ব্যবহার, রিসাইকেল-যোগ্যতা, এবং কমপোস্ট-যোগ্যতা;
9. পানি সংরক্ষণ;
10. প্রোকিউরমেন্ট আইটেমের গুণমান, স্থায়িত্ব ও সুবিধা;
11. কোনো পণ্য বা প্রযুক্তির জীবনকাল জুড়ে ক্ষতিকর প্রভাব কমানো (জীবন-চক্র মূল্যায়ন অথবা সাপ্লাই চেইনের অন্যান্য প্রভাব হিসেবে যেভাবে শনাক্ত হয়েছে);
12. খরচ;
13. উৎপাদকের বর্ধিত দায়িত্বসমূহ; এবং
14. পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি ব্যবহার ও ক্রয়ের ক্ষেত্রে, অথবা প্রযোজ্য ক্ষেত্রে সরকারি কাজের প্রোকিউরমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য আইনি ও নিয়ন্ত্রক আবশ্যিকতাসমূহ।

C. প্রভাবিত সত্ত্বাসমূহকে বিদ্যমান কন্ট্রাক্টের আওতায় ক্রয়ের ক্ষেত্রে অথবা পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি ক্রয়ের জন্য নতুন সলিসিটেশন ও কন্ট্রাক্ট প্রণয়নের ক্ষেত্রে, অথবা প্রযোজ্য ক্ষেত্রে, সরকারি কাজের নতুন সলিসিটেশন ও কন্ট্রাক্ট প্রণয়নের ক্ষেত্রে এই কাউন্সিলের অনুমোদন করা গ্রিন NY প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন অনুসরণ করতে হবে।

D. যেখানে প্রভাবিত সত্ত্বা নির্ধারণ করে যে: (1) কোনো অনুমোদিত গ্রিন NY প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশনে নির্ধারণ করা এধরনের পণ্য, পরিষেবা, বা প্রযুক্তি আবশ্যক ধরন, কাজ বা সুবিধার শর্ত পূরণ করবে না; (2) কোনো অনুমোদিত গ্রিন NY প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশনে নির্ধারণ করা পণ্য, পরিষেবা, বা প্রযুক্তির খরচ প্রতিযোগিতামূলক নয়; অথবা (3) কোনো অনুমোদিত গ্রিন NY প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশনে নির্ধারণ করা এধরনের পণ্য, পরিষেবা, বা প্রযুক্তি ক্রয় না করার জোরালো জনস্বাস্থ্য বা নিরাপত্তা সংক্রান্ত কারণ বিদ্যমান রয়েছে, সেক্ষেত্রে প্রভাবিত সত্ত্বাটি এই আদেশের সেকশন V অনুযায়ী এটির নির্দিষ্ট পরিস্থিতির জন্য এই কাউন্সিলের কাছ থেকে অব্যাহতি চাইতে পারবে।

E. এই কাউন্সিল এটির প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশনের মতো অনুরূপ ফরম্যাটে গ্রিন অপারেশনাল ডিরেক্টিভ ("অপারেশনাল ডিরেক্টিভ") জারি করতে পারে। অপারেশনাল ডিরেক্টিভ প্রণয়নের ক্ষেত্রে এই কাউন্সিল উপরের সেকশন VI.B-এ বর্ণিত 13টি বিষয় বিবেচনা করবে।

F. এই কাউন্সিল প্রভাবিত সত্ত্বাসমূহকে এই আদেশের আবশ্যিকতাসমূহ বাস্তবায়নের জন্য কাজে লাগানো যাবে এমন প্রকল্প, কর্মসূচি ও পরিষেবাসমূহের একটি বিবরণ প্রদান করবে।

G. প্রভাবিত সত্ত্বাসমূহের আইনি অধিক্ষেত্রের আওতাধীন স্থাবর সম্পত্তি ও ফ্যাসিলিটিগুলোতে প্রভাবিত সত্ত্বাসমূহের কার্যক্রম পরিচালনার সময় প্রভাবিত সত্ত্বাসমূহ এই কাউন্সিলের অপারেশনাল ডিরেক্টিভ অনুসরণ করবে।

H. গ্রিন NY প্রোকিউরমেন্ট স্পেসিফিকেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য এই কাউন্সিল পছন্দনীয় উৎসসমূহ এবং সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান এবং দায়িত্ব পালন করতে গিয়ে অক্ষমতার শিকার হওয়া ভেটেরানদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে কাজ করবে।

I. এই কাউন্সিল প্রভাবিত সত্ত্বাসমূহের টেকসই ক্রয়ের জন্য একটি বেসলাইন প্রণয়ন করবে এবং অধিকতর কমপ্লায়েন্স অর্জনের জন্য টার্গেট ইস্যু করবে।

VII. গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো

A. 2030 সালের মধ্যে এবং তারপর থেকে, সরবরাহ লভ্য থাকা সাপেক্ষে, একটি ব্যয়-সাশ্রয়ী উপায়ে জলবায়ু আইনের লক্ষ্যসমূহ পূরণ করতে সরকারের সর্বস্তরে পদক্ষেপ গ্রহণের

অংশ হিসেবে, কোনো প্রভাবিত সত্ত্বা কর্তৃক এটির পরিচালক কর্তৃপক্ষের সঙ্গে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সহায়তা করার জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ব্যতিরেকে, প্রভাবিত সত্ত্বাসমূহের নিজেদের কার্য পরিচালনার জন্য ব্যবহৃত বিদ্যুতের 100%, CES-এর অধীনে উপযুক্ত বলে বিবেচিত এনার্জি সিস্টেমগুলো ("উপযুক্ত সিস্টেম") থেকে আসতে হবে।

1. প্রত্যেক প্রভাবিত সত্ত্বাকে প্রথমে NYSERDA-এর প্রদত্ত হিসাবের উপর ভিত্তি করে প্রভাবিত সত্ত্বার নিজের বিদ্যুৎ বিলের অথবা অন্যথায় CES-এর সঙ্গে কমপ্লায়েন্স রক্ষার জন্য ব্যয় করা স্টেটজুড়ে উপযুক্ত সিস্টেমগুলোর উৎপাদন করা নির্মল জ্বালানির পরিমাণ হিসাব করতে হবে। প্রভাবিত সত্ত্বাগুলোকে প্রযোজ্য হিসেব সম্পন্ন করার জন্য NYSERDA কর্তৃক অনুরোধকৃত তথ্য প্রদান করতে হবে, যার মধ্যে লোড ডাটা, CES কমপ্লায়েন্স পেমেন্ট এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য অর্ন্তভুক্ত রয়েছে।
2. বিদ্যুৎ ব্যবহারের অবশিষ্টাংশের জন্য, এরপর প্রত্যেক প্রভাবিত সত্ত্বার জন্য, যেখানে সম্ভব সেখানে, প্রভাবিত সত্ত্বার কার্যপরিচালনার জন্য নিবেদিত শক্তি প্রদানকারী অন- বা অফ-সাইট উপযুক্ত সিস্টেমের মাধ্যমে এই বাধ্যবাধকতা পূরণ করে দেখানো আবশ্যক হবে।
3. বিদ্যুতের যে অংশ এধরনের উপযুক্ত সিস্টেমের মাধ্যমে প্রদান করা যাবে না, সে অংশের জন্য প্রত্যেক প্রভাবিত সত্ত্বাকে, NYSERDA ও DPS-এর সঙ্গে পরামর্শ ও চুক্তির মাধ্যমে, CES-এর একটি উপযুক্ত টিয়ারের অধীনে উপযুক্ত নবায়নযোগ্য শক্তির সনদ ("REC") সংগ্রহ করতে হবে।
4. প্রতিটি প্রভাবিত সত্ত্বা কিভাবে এই নির্বাহী আদেশের সেকশন VII(A) পরিপালন করবে এবং পরিপালন সংক্রান্ত প্রতিবেদন জমা দেবে সে ব্যাপারে NYSERDA ও DPS অধিকতর বিস্তারিত নির্দেশিকা এবং আবশ্যিকতাসমূহ প্রণয়ন করবে।
5. এই কাউন্সিল এই আবশ্যিকতা পূরণের অগ্রগতি তদারক করবে, এবং NYSERDA ও DPS জলবায়ু আইনের আদেশসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে স্টেটব্যাপী অগ্রগতির ভিত্তিতে এই বাধ্যবাধকতা সমন্বয় করবে।

B. সম্ভাব্য সর্বোচ্চ সীমার মধ্যে, 1 জানুয়ারী, 2024 তারিখ থেকে শুরু করে, অনুমতি প্রাপ্তির জন্য প্রভাবিত সত্ত্বাগুলোর জমা দেওয়া সকল নতুন নির্মাণ প্রকল্পে, ব্যাকআপ ইমার্জেন্সি জেনারেটর এবং প্রসেস লোডের জন্য ব্যবহারের অপরিহার্য ক্ষেত্র ব্যতীত, জীবাশ্ম জ্বালানি দহনের জন্য ব্যবহার করা যায় এমন অবকাঠামো, বিল্ডিং সিস্টেম বা সরঞ্জাম পরিহার করতে হবে, তবে প্রভাবিত সত্ত্বাগুলোকে যেখানে বাস্তবায়ন সম্ভব সেখানে ব্যাকআপ ইমার্জেন্সি ডিজেল জেনারেটর ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে। এটি দ্বারা স্টেটের বা প্রভাবিত সত্ত্বার মালিকানাধীন বা পরিচালনাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের চলমান কার্যক্রম ও রক্ষণাবেক্ষণকে প্রভাবিত করা যাবে না। এই কাউন্সিল এই লক্ষ্য পূরণের অগ্রগতি তদারক করবে।

C. বিল্ড স্মার্ট 2025 কর্মসূচির রূপরেখা অনুযায়ী প্রভাবিত সত্ত্বাগুলোকে 2025 সালের মধ্যে 11 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

1. প্রতিটি প্রভাবিত সত্ত্বাকে স্টেটের কার্যপরিচালনার ক্ষেত্রে সামগ্রিক সাশ্রয়ের লক্ষ্যমাত্রার মধ্যে তাদের জন্য বরাদ্দকৃত অংশ অর্জনের জন্য NYPA-এর সঙ্গে কাজ করতে হবে। প্রভাবিত সত্ত্বাগুলোর জন্য উচিত হবে দায়িত্ব গ্রহণ করতে চাওয়া প্রকল্প ও কর্মসূচিগুলোর ধরন, যেমন মাস্টার প্ল্যানিং, O&M কর্মসূচি উন্নয়ন, চাহিদার প্রতি সাড়াদান এবং অনুরূপ কর্মসূচিতে অংশগ্রহণ করা, সাবমিটারিং, LED লাইটিং, এবং শক্তি খরচ কমায় ও নির্মাণ দক্ষতা বৃদ্ধি করে এমন অন্যান্য প্রকল্প সম্পর্কে বিল্ড স্মার্ট 2025 কর্মসূচির নির্দেশনাবলী মেনে চলা।
2. 2025 সালের আগে এই কাউন্সিল 2025 সালের লক্ষ্য অর্জনের অগ্রগতি সম্পর্কে একটি মূল্যায়ন এবং ব্যয়-সাশ্রয়ী জ্বালানি সাশ্রয়ের জন্য বিদ্যমান সুযোগসমূহের উপর ভিত্তি করে 2030 সালের মধ্যে জ্বালানি সাশ্রয়ের একটি লক্ষ্য নির্ধারণ করবে। 2030 সালের জন্য নির্ধারণ করা এধরনের লক্ষ্য জলবায়ু আইন অনুযায়ী প্রণয়ন করা স্টেটের স্কোপিং প্ল্যানের সর্বশেষ সংস্করণের সাথে সঙ্গতিপূর্ণ হবে।

D. এই কাউন্সিল সাধারণভাবে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর ক্ষেত্রে নির্গত কার্বনের পরিমাণ কমানোর জন্য সেগুলো ব্যবহারের বিষয়ে পরিচালনাগত নির্দেশনা ও গাইডেন্স জারি করবে। 1 জানুয়ারী, 2023 তারিখ থেকে শুরু করে, প্রভাবিত সত্ত্বাগুলোকে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণের মাধ্যমে, অনুমতি প্রাপ্তির জন্য প্রভাবিত সত্ত্বাগুলোর জমা দেওয়া সকল নতুন নির্মাণ প্রকল্প অথবা নতুন নির্মাণকাজের ব্যয়ের 50% এর চেয়ে বেশি ব্যয় হবে এমন সমন্বিত পুনর্ব্যবহার বা উল্লেখযোগ্য সংস্কার প্রকল্পগুলোতে নির্গত কার্বনের পরিমাণ কমিয়ে আনার জন্য সচেষ্ট হতে হবে:

   1. ডিজাইন টিম প্রকল্প থেকে নির্গত কার্বনের মোট পরিমাণ হিসাব করবে, যার মধ্যে শিপিং, পরিবহন, এবং নির্মাণকাজের সরঞ্জাম সংক্রান্ত আবশ্যিকতা অন্তর্ভুক্ত থাকবে।
   2. দরপত্র জমাদানকারীদের জন্য যখন লভ্য তখন পরিবেশগত পণ্য সংক্রান্ত ঘোষণা জমা দেওয়া আবশ্যক হবে, যার মধ্যে প্রদত্ত নির্মাণ সামগ্রী থেকে নির্গত কার্বনের পরিমাণ উল্লেখ থাকতে হবে।

E. প্রভাবিত সত্ত্বাগুলোকে 2035 সালের মধ্যে তাদের লাইট-ডিউটি নন-ইমার্জেন্সি যানবাহন বহরের 100%-কে শূন্য নির্গমনকারী যানবাহনে (ZEV) রূপান্তর করতে হবে এবং 2040 সালের মধ্যে তাদের মিডিয়াম- ও হেভি-ডিউটি যানবাহন বহরের 100%-কে ZEV-তে রূপান্তর করতে হবে।

   1. সব প্রভাবিত সত্ত্বাকে লাইট-ডিউটি যানবাহন বহরের ডিকার্বনাইজেশন পরিকল্পনা এবং মিডিয়াম- ও হেভি-ডিউটি যানবাহন বহরের ডিকার্বনাইজেশন পরিকল্পনা তৈরি করে এই কাউন্সিলের কাছে জমা দিতে হবে। এই কাউন্সিল ডিকার্বনাইজেশন পরিকল্পনা প্রণয়নের জন্য সংস্থাগুলোকে প্রযুক্তিগত সহায়তা ও নির্দেশনা প্রদান করবে। এধরনের ডিকার্বনাইজেশন পরিকল্পনার মধ্যে কমপক্ষে নিম্নলিখিত উপাদানগুলো থাকতে হবে:

a. একটি ক্রয় পরিকল্পনা, যেখানে তারা কিভাবে এই আদেশের লক্ষ্যসমূহ অর্জনের জন্য যানবাহন বহরের ডিকার্বনাইজেশন সম্পন্ন করবে তার কিছু অন্তর্বর্তীকালীন লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত থাকবে; এবং
b. তাদের যানবাহন বহরের ডিকার্বনাইজেশন সফলভাবে সম্পন্ন করার জন্য অপরিহার্য কর্মী প্রশিক্ষণ ও সম্পৃক্ততা প্রদানের একটি পরিকল্পনা।

2. প্রভাবিত সত্ত্বাগুলোকে এই আদেশ জারি করার এক বছরের মধ্যে এই কাউন্সিলের কাছে লাইট-ডিউটি যানবাহন বহরের ডিকার্বনাইজেশন পরিকল্পনা জমা দিতে হবে এবং এই আদেশ জারি করার তিন বছরের মধ্যে এই কাউন্সিলের কাছে মিডিয়াম- ও হেভি-ডিউটি যানবাহন বহরের ডিকার্বনাইজেশন পরিকল্পনা জমা দিতে হবে।
3. প্রভাবিত সত্ত্বাগুলোকে প্রথমবার তাদের পরিকল্পনা জমা দেওয়ার পরে প্রতি তিন বছর অন্তর লাইট এবং মিডিয়াম- ও হেভি-ডিউটি যানবাহনের ডিকার্বনাইজেশন পরিকল্পনার অগ্রগতির আপডেট জমা দিতে হবে।
4. ব্যাটারিচালিত বৈদ্যুতিক যানবাহন এবং হাইড্রোজেন ফুয়েল সেল চালিত যানবাহন ক্রয় করাকে অগ্রাধিকার দিতে হবে, এবং যদি কোনো প্রভাবিত সত্ত্বার প্রয়োজন পূরণের জন্য সেগুলো ক্রয় করা যথাযথ না হয়, তাহলে এই কাউন্সিলের সুনির্দিষ্ট অনুমোদন সাপেক্ষে সীমিত পরিস্থিতিতে প্লাগ-ইন হাইব্রিড বৈদ্যুতিক যানবাহনের কথা বিবেচনা করা যেতে পারে।
5. জরুরি যানবাহন পরিচালনাকারী প্রভাবিত সত্ত্বাগুলোকে কমপক্ষে বার্ষিক ভিত্তিতে বিভিন্ন ZEV প্রযুক্তি মূল্যায়ন ও পরীক্ষা করে দেখতে হবে যে সেগুলো এসব যানবাহনের ব্যবহারের ক্ষেত্রগুলোর চাহিদা পূরণ করতে পারবে কিনা।
6. প্রভাবিত সত্ত্বাগুলোকে তাদের যানবাহনের বহনের জন্য ZEV চার্জিং অবকাঠামো উন্নয়নের জন্য OGS-এর সঙ্গে পরামর্শ করতে হবে। OGS সংস্থাগুলোকে নির্দেশনা প্রদান করবে এবং ZEV চার্জিং অবকাঠামোর পর্যায়ক্রমিক বাস্তবায়নের কাজ সমন্বয় করবে।
7. প্রভাবিত সত্ত্বাগুলোকে স্টেটের মালিকানাধীন এবং রক্ষণাবেক্ষণের অধীন পার্কিং ফ্যাসিলিটিগুলোতে কর্মচারীদের কর্মস্থলে চার্জ দেওয়ার জন্য ZEV চার্জিং অবকাঠামো ব্যবহার করার প্রসার ঘটাতে এবং কর্মচারীদেরকে সর্বোচ্চ অ্যাক্সেস প্রদান করতে উৎসাহিত করা হচ্ছে।

F. প্রভাবিত সত্ত্বাগুলোকে বাস্তবায়নযোগ্য সর্বোচ্চ সীমার মধ্যে বিকেন্দ্রীভূত জ্বালানি সংস্থান এবং জ্বালানি সংরক্ষণ অন্তর্ভুক্তির বিষয়টি মূল্যায়ন করতে হবে। প্রভাবিত সত্ত্বাগুলোকে নতুন জ্বালানি সংরক্ষণ ব্যবস্থার ব্যাপারে প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে NYPA ও NYSERDA সহযোগী হয়ে কাজ করবে।
G. প্রভাবিত সত্ত্বাগুলোকে, উপযুক্ত ক্ষেত্রে, এই নির্বাহী আদেশের অধীনে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার জন্য তাদের সিদ্ধান্ত গ্রহণের সাহায্যার্থে DEC-এর ভ্যালু অব কার্বন নির্দেশনা (Value of Carbon Guidance) কাজে লাগাতে সচেষ্ট হতে হবে।

VIII. বর্জ্য কমানো

A. এই কাউন্সিল একটি বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনার টেমপ্লেট তৈরি করবে যা প্রভাবিত সত্ত্বাসমূহ নিজেদের পরিকল্পনা সম্পন্ন করতে ব্যবহার করবে। সব প্রভাবিত সত্ত্বাকে একটি বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনা তৈরি করতে হবে এবং এই কাউন্সিলের কাছে সেই পরিকল্পনা জমা দিতে হবে, যেখানে তারা নিম্নলিখিত লক্ষ্যসমূহ কিভাবে পূরণ করবে সে বিষয়টি তুলে ধরতে হবে:

1. প্রতি পাঁচ বছরে বর্জ্য বিনষ্টকরণের পরিমাণ 2018-19 অর্থবছরের বেসলাইন থেকে 10 শতাংশ করে কমানো, যতক্ষণ না 75 শতাংশ কমানোর লক্ষ্য অর্জিত হয়।
2. এই লক্ষ্যসমূহ পূরণের জন্য রিপোর্ট করা বর্জ্য সংক্রান্ত ডাটা নিম্নলিখিত শ্রেণিতে বিভক্ত করতে হবে: রিসাইকেলকৃত উপকরণ; কমপোস্টযোগ্য উপকরণ এবং অন্যান্য জৈব উপাদান; গর্ত ভরাট করার জন্য প্রেরণ করা উপকরণসমূহ (যেমন নির্মাণকাজ ও ভবন ভাঙ্গার ফলে তৈরি হওয়া বর্জ্য); এবং বিশেষ বর্জ্য (যেমন বিপজ্জনক বর্জ্য)।
3. বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনার মধ্যে কমপক্ষে নিম্নলিখিত উপাদানগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:
   a. ফ্যাসিলিটিগুলোতে রুটিনমাফিক বর্জ্য নিরীক্ষণ পরিচালনার একটি সময়সূচি এবং বর্জ্য কমানোর কাজ এগিয়ে নেওয়ার জন্য বর্জ্য নিরীক্ষণ থেকে প্রাপ্ত ফলাফল কিভাবে কাজে লাগানো হবে;
   b. জৈব বর্জ্যকে জমি ভরাট করা থেকে সরিয়ে ভিন্নমুখীকরণের লক্ষ্যসমূহ পূরণের জন্য ব্যবহারের একটি পরিকল্পনা;
   c. একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যবহৃত হয় এমন সব ক্ষেত্র শনাক্ত করা এবং সকল পরিস্থিতিতে সেগুলোর ব্যবহার দূর করার জন্য একটি পরিকল্পনা তৈরি করা যেখানে এমনটা করার ফলে কর্মচারীদের বা জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা বিপন্ন হবে না; এবং
   d. 2025 সালের মধ্যে, প্রচলন করা সম্ভব এমন সকল ফ্যাসিলিটিতে এবং যেখানে ডুয়াল-স্ট্রিম উপকরণ পুনরুদ্ধার ফ্যাসিলিটি লভ্য রয়েছে, ব্যয়-সাশ্রয়ী ও ফলপ্রসূ হবে সেখানে, প্রভাবিত সত্ত্বার জন্য রিসাইকেলযোগ্য আইটেমগুলোকে উৎস অনুযায়ী মিশ্র কাগজ এবং মিশ্র উপাদানে তৈরি কন্টেইনার (প্লাস্টিক, কাঁচ, ও ধাতু) এই দুই শ্রেণিতে পৃথক করে নেওয়ার জন্য ডুয়েল-স্ট্রিম রিসাইক্লিং এর দিকে অগ্রসর হওয়া উচিত হবে কিনা সে বিষয়টি বিবেচনায় নেওয়া।
4. এছাড়াও, এসব পরিকল্পনা প্রণয়নের জন্য DEC প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে।
5. এই কাউন্সিল কমপক্ষে প্রতি পাঁচ বছর অন্তর এই আদেশের বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনা পুনর্মূল্যায়ন করবে, এবং যদি এই কাউন্সিল লক্ষ্যসমূহ হালনাগাদ করে, সেক্ষেত্রে প্রভাবিত সত্ত্বাসমূহের জন্য তারা প্রত্যেকে কিভাবে নতুন লক্ষ্যসমূহ পূরণ করবে সে সম্পর্কিত হালনাগাদকৃত বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনা জমা দেওয়া আবশ্যক হবে।
6. প্রভাবিত সত্ত্বাগুলোকে বর্জ্য ভিন্নমুখীকরণ পরিকল্পনার টেমপ্লেট প্রাপ্তির এক বছরের মধ্যে এই কাউন্সিলের কাছে এরূপ পরিকল্পনা জমা দিতে হবে।

B. এই আদেশ জারির 90 দিন পরে, প্রভাবিত সত্ত্বাগুলো বোতলজাত পানি ক্রয়ের জন্য স্টেট তহবিল ব্যয় করতে পারবে না। যদি কোনো প্রভাবিত সত্ত্বা সিদ্ধান্ত নেয় যে স্বাস্থ্য বা নিরাপত্তা সংক্রান্ত কারণে এটির বোতলজাত পানি ক্রয় করার প্রয়োজন রয়েছে, তাহলে এটি এই আদেশের সেকশন V অনুযায়ী এটির নির্দিষ্ট পরিস্থিতির জন্য এই কাউন্সিলের কাছ থেকে অব্যাহতি চাইতে পারবে। এই কাউন্সিল জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যা মোকাবেলায় এবং অন্যান্য উপযুক্ত পরিস্থিতিতে এই আবশ্যিকতার ব্যতিক্রম সম্পর্কে নির্দেশনা জারি করবে। জরুরি উদ্দেশ্যে বোতলজাত পানি ক্রয় করা প্রভাবিত সত্ত্বার জন্য এই সেকশন প্রযোজ্য হবে না।

IX. বিষাক্ত পদার্থসমূহের ব্যবহার কমানো

A. প্রভাবিত সত্ত্বাগুলোকে দূষণ প্রতিরোধের জন্য, বাস্তবায়নযোগ্য সীমার মধ্যে, তাদের কার্যপরিচালনার ক্ষেত্রে বিষাক্ত পদার্থের ব্যবহার কমিয়ে আনার কৌশল মূল্যায়ন ও অন্তর্ভুক্ত করতে হবে। এই কাউন্সিল, অন্তত পক্ষে, সংস্থাগুলোকে স্বাস্থ্যকর ভবন, সবুজ পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ, একীভূত কীটপতঙ্গ নিয়ন্ত্রণ এবং গ্রিন প্রোকিউরমেন্ট সম্পর্কিত তথ্য প্রদান করবে।

XI. কম প্রভাবপূর্ণ উন্নয়ন

A. প্রভাবিত সত্ত্বাগুলোকে প্রভাবিত সত্ত্বাগুলোর দ্বারা অনুমতি প্রাপ্তির জন্য জমা দেওয়া নতুন নির্মাণ বা পুনঃউন্নয়ন প্রকল্পগুলোতে বিঘ্নতার সীমা নির্বিশেষে বৃষ্টির পানি আটকে থাকার জায়গা কমিয়ে আনা এবং পানির গুণমান বৃদ্ধির জন্য সবুজ অবকাঠামোর ধারণাগুলো মূল্যায়ন করতে হবে এবং বাস্তবায়নযোগ্য সর্বোচ্চ সীমার মধ্যে সেগুলো একীভূত করতে হবে। এগুলোর মধ্যে পার্কিং লট পুনর্নির্মাণ এবং নতুন ল্যান্ডস্কেপিং নির্মাণের মতো ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত রয়েছে।

B. এই কাউন্সিল, EFC-এর সহযোগিতায়, প্রভাবিত সত্ত্বাগুলোকে সবুজ অবকাঠামোর ধারণাগুলো একীভূতকরণ সম্পর্কে নির্দেশনা প্রদান করবে।

C. জলবায়ু সংক্রান্ত ঝুঁকির বিষয়টি অন্তর্ভুক্ত করা

1. নতুন অবকাঠামো ও ভবন নির্মাণের প্রকল্পগুলো সেগুলোর আয়ুষ্কালের মধ্যে ঘটতে পারে এমন জলবায়ু পরিবর্তনের কথা বিবেচনায় নিয়ে নকশা ও নির্মাণ করতে হবে। এর মধ্যে অগ্রিম নকশা প্রণয়ন এবং প্রত্যাশিত কার্যপরিচালনা ও ব্যবস্থাপনার মধ্যে জলবায়ু সংক্রান্ত পূর্বাভাস ও অভিযোজনের কৌশলসমূহ একীভূত করা অন্তর্ভুক্ত রয়েছে। নতুন ও বিদ্যমান নির্মাণকাজের ক্ষেত্রে জলবায়ু সংক্রান্ত ঝুঁকি কমানোর একটি কৌশল হিসেবে খোলা জায়গা সংরক্ষণ করার কথা বিবেচনা করতে হবে।
2. এই কাউন্সিল প্রভাবিত সত্ত্বাগুলোকে জলবায়ু সংক্রান্ত পূর্বাভাস এবং জলবায়ু ঝুঁকির ধারণাগুলো একীভূত করার ব্যাপারে নির্দেশনা প্রদান করবে।

3. সব প্রভাবিত সত্ত্বাকে তাদের অবকাঠামোগুলো জোরদার করার এবং সহনশীলতা বৃদ্ধির রীতিসমূহ যেমন প্রাকৃতিক সমাধান ও মডিউলার অবকাঠামো কাজে লাগিয়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনের সুযোগসমূহ মূল্যায়ন করতে হবে।

XII. জীববৈচিত্র্য উন্নত করা এবং বন্যপ্রাণীর আবাসস্থলের সুরক্ষা

A. স্থাবর সম্পত্তির উপর আইনি অধিক্ষেত্র রয়েছে এমন প্রভাবিত সত্ত্বাগুলোকে, বাস্তবায়ন সম্ভব এমন ক্ষেত্রে, স্থানীয় জীববৈচিত্র্য রক্ষা এবং NYS পরাগায়নকারী সুরক্ষা পরিকল্পনায় (NYS Pollinator Protection Plan) সহায়তা করার জন্য তাদের স্থাবর সম্পত্তির বাস্তুসংস্থানগত অখণ্ডতা বৃদ্ধি করা, বিপন্ন ও বিলুপ্তপ্রায় প্রজাতিগুলো সুরক্ষিত রাখা, এবং জলবায়ু সহিষ্ণুতা ও প্রাকৃতিক কার্বন সঞ্চয় বৃদ্ধির সুযোগ সন্ধান করতে হবে। এর মধ্যে ল্যান্ডস্কেপিং এবং বৃক্ষরোপণের অন্যান্য প্রচেষ্টার ক্ষেত্রে স্থানীয় উদ্ভিদের ব্যবহারকে অগ্রাধিকার দেওয়া এবং বিদেশি প্রজাতির উদ্ভিদের ব্যবহার কমিয়ে আনা, এবং নিউ ইয়র্কে প্রাকৃতিক ঐতিহ্য কর্মসূচির (New York Natural Heritage Program) সংরক্ষণ নির্দেশিকায় উল্লিখিত অন্যান্য ক্রিয়াকলাপ এবং তালিকাভুক্ত উদ্ভিদগুলো সম্পর্কে এটির ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ অন্তর্ভুক্ত রয়েছে।

B. এই কাউন্সিল সব প্রভাবিত সত্ত্বাকে প্রভাবিত সত্ত্বার আইনি অধিক্ষেত্র রয়েছে এমন স্থাবর সম্পত্তিতে আক্রমণাত্মক প্রজাতিগুলোর জন্য একটি আর্লি ডিটেকশন র‍্যাপিড রেসপন্স (Early Detection Rapid Response) প্রটোকল বাস্তবায়নের জন্য একটি টেমপ্লেট প্রদান করবে। এই কাউন্সিল স্টেটের মালিকানাধীন স্থাবর সম্পত্তিতে আক্রমণাত্মক প্রজাতিগুলোর বিস্তার বন্ধ করতে আরো পরচালনাগত নির্দেশনা জারি করতে পারে।

C. প্রভাবিত সত্ত্বাগুলোকে আক্রমণাত্মক প্রজাতিগুলো দূরীকরণের অন্যান্য উপায়ের দারস্থ হওয়ার আগে সেইসব প্রজাতি নিয়ন্ত্রণের জন্য একীভূত কীটপতঙ্গ নিয়ন্ত্রণ কৌশল ব্যবহার করাকে অগ্রাধিকার দিতে হবে।

D. সব প্রভাবিত সত্ত্বাকে স্থাবর সম্পত্তিতে বিদ্যমান বিপন্ন প্রজাতিগুলো শনাক্ত করা এবং যথাযথভাবে ব্যবস্থাপনা করার জন্য লভ্য সেরা রীতিগুলো অনুসরণ করতে হবে এবং তাদের প্রকল্প ও কার্যপরিচালনা যাতে কোনো বিপন্ন প্রজাতির উপর ক্ষতিকর প্রভাব না ফেলে সে বিষয়টি নিশ্চিত করতে হবে। DEC প্রভাবিত সত্ত্বাগুলোকে বিপন্ন প্রজাতিগুলোর যথাযথ ব্যবস্থাপনা করার ব্যাপারে নির্দেশনা এবং প্রযুক্তিগত সহায়তা এবং কোন জায়গাগুলোতে বিপন্ন প্রজাতিগুলোর সাথে সম্পর্কিত সমস্যা বিদ্যমান থাকতে পারে তা শনাক্ত করার জন্য ডাটা টুলস প্রদান করবে।

E. প্রভাবিত সত্ত্বাগুলোকে, বাস্তবায়নযোগ্য সীমার মধ্যে, স্থানীয় পরাগায়নকারী প্রজাতিগুলোকে এবং NYS পরাগায়নকারী সুরক্ষা পরিকল্পনায় সহায়তা করার জন্য এবং জলবায়ু সহিষ্ণুতা ও প্রাকৃতিক কার্বন সঞ্চয় বৃদ্ধির জন্য নতুন প্রকল্পগুলোর সাথে ল্যান্ডস্কেপিং বা বন্যপ্রাণীর আবাসস্থলের সহ-অবস্থান তৈরি করার সুযোগ মূল্যায়ন করে দেখতে হবে।

XIII. সুবিধাবঞ্চিত কমিউনিটি

A. প্রত্যেক প্রভাবিত সত্ত্বাকে, বাস্তবায়নযোগ্য সর্বোচ্চ সীমার মধ্যে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর উপর এটির কার্যপরিচালনার প্রভাব কমিয়ে আনতে হবে, এবং এই আদেশ অনুযায়ী প্রভাবিত সত্ত্বাগুলোর প্রণয়ন করা পরিকল্পনাগুলোতে এসব কমিউনিটিতে পরিবেশগত প্রভাব কমানোর বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

B. এই কাউন্সিল সুবিধাবঞ্চিত কমিউনিটিতে অবস্থিত স্টেটের মালিকানাধীন ফ্যাসিলিটিগুলোর একটি ইনভেন্টরি তৈরি করবে।

C. প্রভাবিত সত্ত্বাগুলোকে কর্মদক্ষতা এবং অন্যান্য পরিবেশগত উন্নয়নের জন্য, যেমন হিটিং ও কুলিং সিস্টেমের বৈদ্যুতীকরণের জন্য প্রভাবিত সত্ত্বার আইনি অধিক্ষেত্রের আওতাধীন ফ্যাসিলিটিগুলোর পরিবর্তে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে অবস্থিত ফ্যাসিলিটিগুলোকে অগ্রাধিকার দিতে হবে, যা এসব কমিউনিটিতে প্রভাবিত সত্ত্বার পরিবেশগত প্রভাব কমিয়ে আনবে।

XIV. উদ্ভাবনমুলক সমাধান

A. এই কাউন্সিল প্রভাবিত সত্ত্বাগুলোকে তাদের পরিবেশগত প্রভাব কমিয়ে আনা এবং এটির কার্যপরিচালনার জলবায়ু সহনশীলতা বৃদ্ধি (প্রশমন ও অভিযোজন) অব্যাহত রাখতে সহায়তা করার জন্য নতুন প্রযুক্তিসমূহের সম্ভাবনা মূল্যায়ন করা চালিয়ে যাবে, এবং উপযুক্ত ক্ষেত্রে, নতুন প্রযুক্তি ও সরঞ্জাম পরীক্ষা করা চালিয়ে যাবে যাতে এধরনের প্রযুক্তি বা সরঞ্জাম প্রভাবিত সত্ত্বার কার্যপরিচালনার ক্ষেত্রে কাজে লাগানো সম্ভব কিনা তা নির্ধারণ করা যায়।

XV. পূর্বের নির্বাহী আদেশ বাতিল করা

A. 24 এপ্রিল, 2008 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 4, 5 মে, 2009 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 18, 28 ডিসেম্বর, 2012 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 88, এবং 1 জুন, 2017 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 166 এই মর্মে এই নির্বাহী আদেশের মাধ্যমে বাতিল ও প্রতিস্থাপন করা হলো।

এই দুই হাজার বাইশ সালের সেপ্টেম্বর
মাসের বিশ তারিখে
আলবানি সিটিতে আমার
হাতে এবং স্টেটের প্রাইভি
সিলমোহর ব্যবহার করে৷

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব

## প্রদর্শনী A – প্রভাবিত সত্ত্বাসমূহ

1) AGING- অফিস ফর দ্য এজিং (Office for the Aging)
2) AGM- কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets)
3) APA- অ্যাডিরনড্যাক পার্ক এজেন্সি (Adirondack Park Agency)
4) ARTS- শিল্প বিষয়ক কাউন্সিল (Council on the Arts)
5) BFSA- বাফেলোর আর্থিক স্থিতিশীলতা বিষয়ক কর্তৃপক্ষ (Buffalo Fiscal Stability Authority)
6) BOE- নির্বাচন বোর্ড (Board of Elections)
7) BPCA- ব্যাটারি পার্ক সিটি অথরিটি (Battery Park City Authority)/পার্কস কনজার্ভেন্সি (Parks Conservancy)
8) CDTA- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথরিটি (Capital District Transportation Authority)
9) CELG- লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশন (Commission on Ethics and Lobbying in Government)
10) CENTRO- সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Central New York Regional Transportation Authority)
11) CIVIL- ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service)

12) CPB- সেন্ট্রাল পাইনস ব্যারেন্স পরিকল্পনা ও নীতিমালা বিষয়ক যৌথ কমিশন (Central Pines Barrens Joint Planning & Policy Commission)
13) CUNY- সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York)
14) DASNY- ডরমিটরি অথরিটি অব নিউ ইয়র্ক (Dormitory Authority of New York)
15) DCJS- ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)
16) DEC- পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
17) DED- অর্থনৈতিক উন্নয়ন বিভাগ (Department of Economic Development)
18) DFS- আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services)
19) DHCR- ডিভিশন অব হাউজিং এন্ড কমিউনিটি রিনিউয়াল (Division of Housing and Community Renewal)
20) DHR- মানবাধিকার বিভাগ (Division of Human Rights)
21) DHSES- ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)
22) DMV- মোটর যান বিভাগ (Department of Motor Vehicles)
23) DOB- বাজেট বিভাগ (Division of Budget)
24) DOCCS- ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision)
25) DOH- স্বাস্থ্য বিভাগ (Department of Health)
26) DOS- স্টেট বিভাগ (Department of State)
27) DOT- পরিবহন বিভাগ (Department of Transportation)
28) DPS- জনসেবা বিভাগ (Department of Public Service)
29) DVS- ভেটেরান সার্ভিসেস ডিভিশন (Division of Veterans Services)
30) ECFSA- এরি কাউন্টি আর্থিক স্থিতিশীলতা বিষয়ক কর্তৃপক্ষ (Erie County Fiscal Stability Authority)
31) ECMC- এরি কাউন্টি মেডিকেল সেন্টার কর্পোরেশন (Erie County Medical Center Corporation)
32) EFC- এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation)
33) FCB- ফিন্যান্সিয়াল কন্ট্রোল বোর্ড (Financial Control Board)
34) GAMING- গেমিং কমিশন (Gaming Commission)
35) GOER- গভর্নর্স অফিস অব এমপ্লয়ি রিলেশন্স (Governor's Office of Employee Relations)
36) HESC- হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation)
37) HRBRRD- হাডসন নদী - ব্ল্যাক নদী নিয়ন্ত্রক ডিস্ট্রিক্ট (Hudson River- Black River Regulating District)
38) HRVG- হাডসন রিভার ভ্যালি গ্রিনওয়ে (Hudson River Valley Greenway)
39) IG- অফিস অব ইন্সপেক্টর জেনারেল (Office of Inspector General)
40) ITS- ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Information Technology Services)

41) JAVITS- নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশন (New York Convention Center Operating Corporation)
42) JC- জাস্টিস সেন্টার (Justice Center)
43) LABOR- শ্রম বিভাগ (Department of Labor)
44) LIPA- লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority)
45) MNA- ডিভিশন অব মিলিটারি এন্ড ন্যাভাল অ্যাফেয়ার্স (Division of Military and Naval Affairs)
46) MTA- মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority)
47) NFTA- নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশোন অথরিটি (Niagara Frontier Transportation Authority)
48) NIFA- নাসাউ কাউন্টি ফিন্যান্স অথরিটি (Nassau County Interim Finance Authority)
49) NYPA- নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority)
50) NYSBA- নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটি (New York State Bridge Authority)
51) NYSERDA- NYS শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (NYS Energy Research and Development Authority)
52) NYSIF- বিমা তহবিল (Insurance Fund)
53) OASAS- অ্যালকোহলের আসক্তি ও মাদকদ্রব্যের অপব্যবহার বিষয়ক অধিদপ্তর (Office of Alcoholism and Substance Abuse Services)
54) OCFS- শিশু ও পারিবারিক পরিষেবা অফিস (Office of Children and Family Services)
55) ক্ষতিগ্রস্তদের পরিষেবার কার্যালয় (Office of Victim Services)
56) OGDENSBURG- ওগডেন্সবার্গ ব্রিজ ও পোর্ট অথরিটি (Ogdensburg Bridge and Port Authority)
57) OGS- অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)
58) OMH- অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)
59) OPRHP- পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
60) OPWDD- বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office of People with Developmental Disabilities)
61) ORDA- অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority)
62) OTDA- অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance)
63) PERB- পাবলিক এমপ্লয়মেন্ট রিলেশন্স বোর্ড (Public Employment Relations Board)
64) PORTOSWEGO- পোর্ট অব অসওয়েগো অথরিটি (Port of Oswego Authority)
65) RIOC- নিউ ইয়র্ক স্টেটের রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশন (Roosevelt Island Operating Corporation)
66) RTS – রচেস্টার গিনিস আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Rochester Genesee Regional Transportation Authority)

67) SLA - অ্যালকোহলযুক্ত পানীয় নিয়ন্ত্রক (স্টেট লিকার অথরিটি) (State Liquor Authority)
68) SUNY- স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)
69) TAX- ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফাইন্যান্স (Department of Taxation & Finance)
70) THRUWAY- থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)
71) TROOPERS- স্টেট পুলিশ (State Police)
72) UDC- শহর উন্নয়ন কর্পোরেশন (Urban Development Corporation)
73) UNDC- জাতিসংঘ উন্নয়ন কর্পোরেশন (United Nations Development Corporation)
74) WCB- ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড (Workers′ Compensation Board)
75) WCMC- ওয়েস্টচেস্টার কাউন্টি হেলথ কর্পোরেশন (Westchester County Health Corporation)